গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
সংস্থাপন শাখা
www.sirajganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮৮০০.০০০.০১০.১১.০০০১.২৬.১৭৭

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৮ নভেম্বর ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ২৫/০৬/২০২৬ ও ১৮/০৮/২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০৩.২৫.৪১ ও ৯৪ নং স্মারক প্রাপ্ত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ ও এর অধীন সার্কিট হাউজ এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ সাধারণ প্রশাসনের অধীন নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগ বিধি অনুযায়ী সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online এ (http//dcsirajganj.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রঃনং | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৫ (পাঁচ) টি | ২১,৯০০-৫২,৯০০/- (গ্রেড-১৬) | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা<br>গ) স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা এবং<br>ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ০২ | হিসাব সহকারী | ০১ (এক) টি | ২১,৯০০-৫২,৯০০/- (গ্রেড-১৬) | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা<br>গ) স্প্রেডসিট ও প্রেজেন্টেশন-এ দক্ষতা এবং<br>ঘ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং-এ প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ২০ ও ইংরেজিতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। |
| ০৩ | অফিস সহায়ক | ২১ (একুশ) টি | ২০,০০০-৪৮,৪০০/- (গ্রেড-২০) | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | নিরাপত্তা প্রহরী | ১১ (এগারো) টি | ২০,০০০-৪৮,৪০০/- (গ্রেড-২০) | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। |
| ০৫ | বেয়ারার | ০১ (এক) টি | ২০,০০০-৪৮,৪০০/- (গ্রেড-২০) | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬ | পরিচ্ছন্নতাকর্মী | ০৪ (চার) টি | ২০,০০০-৪৮,৪০০/- (গ্রেড-২০) | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| | মোট- | ৪৩ (তেতাল্লিশ) টি | | |

## শর্তাবলী:

(১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও সিরাজগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

(২) নির্ধারিত আবেদন ফরমটি সিরাজগঞ্জ জেলার ওয়েবসাইট (www.sirajganj.gov.bd) ও জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এবং সিরাজগঞ্জ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

(৩) নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা এবং নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করে আবেদন করতে হবে।

(৪) প্রার্থীর বয়সসীমা ১৫/১২/২০২৬ তারিখে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এছাড়া বয়সসীমা সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান প্রযোজ্য হবে।

(৫) মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপিসমূহ প্রদর্শন করতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র;

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র;

(গ) জাতীয় পরিচয়পত্র বা অনলাইন জন্ম সনদপত্র;

(ঘ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনা সন্তানদের কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানের পিতা/মাতা অথবা পিতা/ মাতার সংশ্লিষ্ট সনদপত্র;

(ঙ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

চলমান পাতা-২

bekarsfeed.com